

রসগোল্লা তুমি কার? গর্বিত বাংলার

EiSamay.Com | Nov 14, 2017, 12.16 PM IST



ফাইল ছবি।

এই সময় ডিজিটাল ডেস্ক: রসগোল্লা বাংলারই। ওড়িশার সঙ্গে দীর্ঘ লড়াইয়ে শেষ হাসি হাসল বাংলাই। রসগোল্লার জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন ফর গুডসের রেজিস্ট্রেশন পেল পশ্চিমবঙ্গ।

আরও পড়ুন...রসগোল্লা তুমি কার!

রসগোল্লা কলকাতার। এটাই কয়েক যুগ ধরে জেনে এসেছে সারা দেশ। তবে ২০১৫ সালে রসগোল্লার আঁতুড়ঘরের নয়া দাবিদার হিসেবে উঠে আসে ওড়িশার নাম। নিজেদের রসগোল্লার উৎসস্থল হিসেবে দাবি করে জিআই-এর অধিকারের দাবিতে লড়াই শুরু করে ওড়িশা সরকার। তাদের যুক্তি ছিল, উল্টোরথের পরদিন ওড়িশায় পালিত হয় রসগোল্লা দিবস। পৌরাণিক মতে প্রচলিত রয়েছে যে মাসির বাড়ি থেকে ফিরে আসার সময় জগন্নাথ দেবকে ঘরে ঢুকতে দেননি লক্ষ্মী দেবী।

তাকে না-নিয়ে জগন্নাথ দেব মাসির বাড়ি যাওয়ায়, তিনি রেগে গিয়েছিলেন। তখন লক্ষ্মীদেবীকে রসগোল্লা উপহার দেন জগন্নাথ দেব। তাতেই খুশি হয়ে পথ ছেড়ে দেন লক্ষ্মী দেবী। সেই থেকেই নাকি রসগোল্লা দিবস পালনের রীতি চলে আসছে। কথিত এই গল্পের যুক্তি দেখিয়েই রসগোল্লার উৎসস্থল হিসেবে স্বীকৃতি দাবি করে ওড়িশা।

আরও পড়ুন...আহা! কলকাতার রসগোল্লা পেল FORBES-এর স্বীকৃতি

তবে বাংলাও লড়াইয়ে পিছিয়ে থাকে। প্রয়োজনীয় নথি পেশ করে রসগোল্লার মালিকানা দাবি করে পশ্চিমবঙ্গ সরকার। রসগোল্লার বাঙালিয়ানা নিয়ে পেশ করা হয় নানা জোরদার যুক্তি। দাবি করা হয়, দেশের কোনও অংশেই ছানার কোনও মিষ্টি ভোগ হিসেবে দেওয়ার প্রচলন নেই। দেবতাকে নিবেদন করা হয় ক্ষীরের মিষ্টি।

আর একটি যুক্তিতে বলা হয়েছে, ছানা নামটি বাংলার নিজস্ব। গরম দুধে কোনও অম্ল দিয়ে সেটিকে কাটিয়ে বা ছিন্ন করে ছানা তৈরি হয়। অনেকটা মায়ের নাড়ি ছেঁড়া সন্তানের মতো। দুধ ছিন্ন করে তৈরি ছানা দিয়ে অতীতে দেবভোগ্য কোনও বস্তু তৈরি হত ভারতীয় হিন্দু সমাজে। প্রাণীদেহ থেকে উৎপন্ন দুধ কাটালে তা অপবিত্র হয়ে যায়, এই যুক্তিতে তা দেবতাকে দেওয়া হত না।

ওড়িশার যুক্তির বাস্তব কোনও ভিত্তি না-থাকায় তাদের দাবি দাবি খারিজ করে রসগোল্লার GI রেজিস্ট্রেশন পশ্চিমবঙ্গকেই দেওয়া হয়েছে বলে জানানো হয়েছে। টুইটারে এই নিয়ে আনন্দপ্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

Sweet news for us all. We are very happy and proud that #Bengal has been granted GI (Geographical Indication) status for Rosogolla
— Mamata Banerjee (@MamataOfficial) November 14, 2017

Two and a half years after they started a bitter tussle about one of India's signature sweets, Bengal won the Geographical Identification (GI) battle over rosogolla, with the GI authorities in Chennai ruling that Bengal is the origin of the sweet.